

নম্বর- ৩১.০০.০০০০.০৫৬.৯৯.০১৭.২০- ১৩

তারিখ: ২৪ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ ই-নামজারি আবেদন বাবদ ফি জমা প্রদানের পর আদেশ ব্যতীত নামজারির আবেদন না-মঞ্জুর প্রসঙ্গে।

ভূমি মন্ত্রণালয়ের ০২ নভেম্বর ২০২১ তারিখের ৫৬০ নম্বর পরিপত্রে ই-নামজারির আবেদনের সময় আবশ্যিকভাবে প্রথমেই কোর্ট ফি বাবদ ২০/- (বিশ) টাকা এবং নোটিশ জারি ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা জমা প্রদান করার নির্দেশনা রয়েছে। উক্ত টাকা পরিশোধ করার পর আবেদনকারীর আবেদন সহকারী কমিশনার (ভূমি)র আইডিতে তালিকাভুক্ত হয়। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক অনেক সময় ১ম আদেশের পূর্বেই অনেক আবেদন না-মঞ্জুর করা হয়। সেক্ষেত্রে কি কারণে আবেদন না-মঞ্জুর হয়েছে নাগরিক জানতে পারেন না। এটি ভূমি অফিসের স্বচ্ছতা ও জবাবদিহির অন্তরায়।

০২। এক্ষেত্রে নাগরিকের ভোগান্তি লাঘবে এবং ভূমি অফিসের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার লক্ষ্যে সহকারী কমিশনার (ভূমি)গণের ১ম আদেশের পূর্বে নামজারি বাতিল করা যাবে না। আবেদনে কোন তথ্য অথবা কাগজপত্রের ঘাটতি থাকলে ১ম আদেশে তা উল্লেখ করে তথ্য/কাগজপত্র দাখিলের নির্দিষ্ট সময়সীমা প্রদান করতে হবে। আবেদনকারী কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য বা কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা অন্য কোন কারণে না-মঞ্জুর হলে ২য় আদেশে সুনির্দিষ্টভাবে কারণ উল্লেখপূর্বক না-মঞ্জুর করার নির্দেশনা প্রদান করা হলো।

স্বাক্ষরিত/
(মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ)
সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৬.১৬.০০৮.২১-১৩

তারিখ: ২৪ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও শিল্প/এ, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ০৬। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। পরিচালক (যুগ্মসচিব), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
- ০৮। সেল প্রধান, ভূমি সেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল, ভূমি মন্ত্রণালয়।
- ০৯। জেলা প্রশাসক.....(সকল)।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটে পরবর্তী /বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ)
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।

১৪। সহকারী কমিশনার (ভূমি),.....(সকল)।

১৫। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, কারওয়ান বাজার, ঢাকা (ই-নামজারি সিস্টেমে এ পরিপত্রের আলোকে নামজারির আবেদন নামঞ্জুরের কারণসহ আদেশ নাগরিকদের অবহিতকরণের বিষয়টি সিস্টেমে অন্তর্ভুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৭। অফিস কপি/মাষ্টার কপি।



০৭/০২/২০২২

শাকিলা রহমান

সিনিয়র সহকারী সচিব

fa2@minland.gov.bd